হরিণাকুণ্ডুতে সড়ক দুর্ঘটনায় মোটরসাইকেল আরোহী নারী নিহত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে লাটাহাম্বা (স্থানীয় ইঞ্জিনচালিত বালি ও মাটি টানা গাড়ি) ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে শিল্পী খাতুন
(৪০) নামে এক নারী নিহত হয়েছেন।

সোমবার বেলা ১২ টার দিকে শহরতলির ফলসি গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহত শিল্পী খাতুন উপজেলার ফতেপুর গ্রামের মৃত বজলুর রহমানের মেয়ে।

নিহতের ভাই স্কুল শিক্ষক আব্দুল মান্নান জানান, তার বোন সোমবার সকালে আমাদের বাড়ি থেকে ছেলে শিশিরের সাথে মোটরসাইকেলযোগে নিজ বাড়ি একই উপজেলার বিন্নি গ্রামে ফিরছিলেন। তারা ফলসি গ্রামে পৌছালে ইঞ্জিনচালিত লাটা হাম্বারের সাথে মটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে শিল্পী খাতুন রাস্তার উপর ছিটকে পড়ে আহত হন।

স্থানীয়রা শিল্পীকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসার পথে তার মৃত্যু হয়। হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. মোঃ আশরাফুল ইসলাম জানান, নিহতের মাথায় প্রচন্ড আঘাতের ফলে প্রচুর রক্তক্ষরণ হয়েছে। এতে পথেই তার মৃত্যু হয়।

হরিণাকুণ্ডু থানার ওসি মোঃ আব্দুর রহিম মোল্লা জানান, এ বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন আছে।

ভালুকায় বাস-প্রাইভেটকার সংঘর্ষে নিহত ৬

ময়মনসিংহের ভালুকা উপজেলায় যাত্রীবাহী বাস ও প্রাইভেটকারের সংঘর্ষে শিশুসহ ছয়জন নিহত হয়েছেন।

শনিবার সকাল পৌনে ৯টার দিকে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের উপজেলার

ডিগ্রি কলেজগেট এলাকায় এ দুর্ঘটনা ঘটে। তাৎক্ষণিকভাবে নিহতদের পরিচয় জানা যায়নি।

ভালুকা মডেল থানার ওসি মোহাম্মদ মাইন উদ্দিন জানান, হালুয়াঘাট থেকে ঢাকা যাচ্ছিল ইমাম পরিবহনের দ্রুতগতির একটি বাস।

সকাল পৌনে ৯টার দিকে উপজেলার কলেজগেট এলাকায় ইউটার্ন নেয়ার সময় বাসটির সঙ্গে ময়মনসিংহগামী একটি প্রাইভেটকারের সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই প্রাইভেটকারের ছয়জনের মৃত্যু হয়। মৃতদের মধ্যে দুজন শিশু, দুজন নারী ও দুজন পুরুষ রয়েছেন।

নিহতদের মরদেহ উদ্ধার করে ময়মনসিংহ মেডিকেল কলেজ (মমেক) হাসপাতালে পাঠানোর প্রক্রিয়া চলছে। তাৎক্ষণিকভাবে হতাহতদের পরিচয় পাওয়া যায়নি।

সূত্র- যুগান্তর

মাইক্রোবাস নিয়ন্ত্রণ হারিয়ে খাদে, নিহত ৮

ময়মনসিংহের ফুলপুর উপজেলায় মাইক্রোবাস নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে শিশুসহ আটজন নিহত হয়েছেন। এসময় আহত হয়েছেন ছয়জন।

মঙ্গলবার সকাল পৌনে ৮টার দিকে ফুলপুর-শেরপুর সড়কের বাশাটি নামকস্থানে এ দুর্ঘটনা ঘটে। তাৎক্ষণিকভাবে হতাহতদের নামপরিচয় জানা যায়নি।

জানা গেছে, মাইক্রোবাসটি ময়মনসিংহের ভালুকা থেকে শেরপুরের নালিতাবাড়ী উপজেলায় যাচ্ছিল। পথে ফুলপুরের বাশাতি নামক স্থানে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে খাদে পড়ে যায় মাইক্রোবাসটি। এতে ঘটনাস্থলেই আটজন নিহত হয়েছেন। আহত হয়েছেন অন্তত ছয়জন।

নিহতদের মধ্যে এক শিশু, পাঁচ নারী ও দুই পুরুষ রয়েছেন।

খবর পেয়ে স্থানীয়দের সহযোগিতায় উদ্ধার কাজ শুরু করে ফায়ার সার্ভিস।

ফুলপুর থানার ওসি ইমারাত হোসেন গাজী জানান, তাৎক্ষণিকভাবে হতাহতদের নামপরিচয় জানা যায়নি। ঘটনাস্থলে উদ্ধারে কাজ চলছে। আহত ছয়জনকে স্থানীয় হাসপাতালে নেয়া হয়েছে।

সূত্র- যুগান্তর

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় ব্যাংক কর্মকর্তা নিহত

কুষ্টিয়ার ভাদালিয়ায় সড়ক দুর্ঘটনায় শাহিনুর রহমান সাবু (৩৫) নামে এক ব্যাংক কর্মকর্তা নিহত হয়েছেন।

শুক্রবার (১৪ আগস্ট) সকালে এ দুর্ঘটনা ঘটে।

শাহিনুর রহমান বাড়ি সদর উপজেলার পিয়ারপুর এলাকায়। তার বাবার নাম আছির উদ্দিন। তিনি যমুনা ব্যাংকের যশোর শাখার সিনিয়র মার্কেটিং এক্সিকিউটিভ অফিসার হিসেবে কর্মরত ছিলেন।

স্থানীয়রা জানায়, সকালে কুষ্টিয়া থেকে মোটরসাইকেলে করে যশোর কর্মস্থলে যাচ্ছিলেন। ভাদালিয়ায় পৌঁছালে পেছন থেকে একটি ট্রাক তাকে ধাক্কা দিলে ঘটনাস্থলেই তিনি মারা যান।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা এ তথ্য নিশ্চিত করে জানান, লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্ত শেষে লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুর আদালতে এপিপি হিসেবে নিয়োগ পেলেন গাংনীর শাহরিয়ার শাওন

মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের সহকারি পাবলিক প্রসিকিউটর (এপিপি) হিসেবে নিয়োগ পেয়েছেন অ্যাডভোকেট শাহরিয়ার মাহমুদ (শাওন)।

তরুণ এ আইনজীবী গাংনী উত্তরপাড়ার স্বনামধন্য হোমিও চিকিৎসক মাহফুজুর রহমানের (সেন্টু) কনিষ্ঠ পুত্র ও সুলতান মাহমুদের (শান্ত) ছোট ভাই। পেশাগত দক্ষতা আর কর্তব্য পরায়ণতা দিয়ে তিনি অল্প বয়সেই মানুষের মনিকোঠায় জায়গা করে নিয়েছেন।

সরকারি আইনজীবী হিসেবে বৃহস্পতিবার তিনি মেহেরপুর জেলা দায়রা জজ আদালতে যোগদান করেন।

আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ শাহরিয়ার মাহমুদ শাহ সহ ৫ জনকে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের এপিপি হিসেবে নিয়োগ দিয়েছেন।

এডভোকেট শারিয়ার শাওনের এপিপি হিসেবে নিয়োগ পাওয়ার মেহেরপুর জেলার সকল শ্রেণী-পেশার মানুষ অভিনন্দন ও শুভকামনা জানিয়েছেন।

মেহেরপুরে মোটরসাইকেল ও অটোরিকশার সংঘর্ষে শিক্ষার্থীর মৃত্যু

কলেজে ভর্তির আবেদন করতে এসে মেহেরপুরে মোটরসাইকেল ও অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে আব্দুল হালিম (১৮) নামের এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছে।

মঙ্গলবার রাত ৯ টায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। নিহত আব্দুল হালিম মেহেরপুর সদর উপজেলার কোলা গ্রামের জাব্বারুল ইসলামের ছেলে।

নিহতের পরিবার ও স্থানীয়রা জানায়,আব্দুল হালিম মটরসাইকেল যোগে মেহেরপুর শহরে আসার সময় শহরের খন্দকার পাড়ায় পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি ইজিবাইকের সাথে মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, মোটরসাইকেলের গতি বেশি থাকার কারনে অটোর মুখোমুখি সংঘর্ষের পর ছিটকে পড়ে পার্শবর্তী একটি বৈদ্যতি পোলের সাথে মাথায় আঘাত লাগে হালিমের। দ্রত তাকে আহববস্থায় উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালের নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহ দারা খান।

চুয়াডাঙ্গায় বাস চাপায় ছয়জন নিহত

চুয়াডাঙ্গা সদর উপজেলার সরোজগঞ্জ বাজারে ঢাকা ফেরত রয়েল পরিবহনের চাপায় পথচারী ও ভ্যানচালকসহ ছয়জন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত ছয়জন। আজ শনিবার সকাল সাড়ে ৬টার দিকে এ দূর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন, তিতুদহ এলাকার মিলন (৪০), সোহাগ (২০), শরীফ (৩০), রাজু (৩০), ষষ্টি (৩৫) ও কালু (৪৫)।

চুয়াডাঙ্গা সদর অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ জানান, শনিবার সকালে রয়েল পরিবহনের একটি বাস ঢাকা থেকে চুয়াডাঙ্গায় ফিরছিলো। পথে সরোজগঞ্জ বাজারে বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা কয়েকটি ভ্যান ও ভটভটিকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই মারা যান দুইজন। এ ঘটনায় আহতের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর

হাসপাতালে নিলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় আরো চারজন মারা যান।

বিচার ও নিরাপদ সড়কের দাবীতে গাংনীতে মানববন্ধন

মেহেরপুর স্টুডেন্ট ডেভেলপমেন্ট এসোশিয়েনর রাজশাহী বিদ্যালয় শাখার সাবেক সভাপতি মেহেরপুরের কৃতি সন্তান মকবুল আহাম্মেদ ও আক্তারুজ্জামান ট্রাক চাপায় নিহতের ঘটনায় বিচার ও নিরাপদ সড়কের দাবীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা সাড়ে ১১ টার সময় গাংনী বাজার বাস-ষ্ট্যান্ডে মানববন্ধনের আয়োজন করে মেসডা নামক ছাত্র সংগঠন। রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি কমল হোসেনের নেতৃত্বে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য রাখেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক সাধারণ সম্পাদক নাহিদ উজ্জামান, কুষ্ঠিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাধারণ সম্পাদক সাব্বির হোসেন, রাজশাহী বিশ্ব বিদ্যালয়ের সাবেক সভাপতি আরিফ হোসেন, খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়ের লেকচারার ও সাবেক সাধারণ সম্পাদক টিটোন আহাম্মেদ,মেসডা’র সদস্য জাকির হোসেন প্রমুখ।

এসময় বক্তরা বলেন, দুর্ঘটনার খামে আর কত মেধাবীকে হারাবো? দেশের বিভিন্ন প্রান্তে হাজার হাজার মেধাবীকে প্রাণ দিতে হয়েছে সড়ক দুর্ঘটনার নামে। চালকদের নামে মামলা করলেও আইনের ফাক ফোকর দিয়ে বেরিয়ে তারা চলছে বহাল তবিয়তে। তেমনি ভাবে গাংনী উপজেলার বামুন্দিত ট্রাক পাচায় প্রাণ হারাতে হয় মেহেরপুরের কৃতি সন্তান মকবুল আহাম্মেদ ও আক্তারুজ্জামানকে।

ঘাতক ট্রাকচলকের বিচার সহ নিরাপদ সড়ক ব্যাবস্থার দাবী করেন ছাত্র সংগঠনের নেতারা। মানববন্ধনের মাধ্যমে তারা দাবী করেন একটি মেধাবী শিক্ষার্থী লেখা পড়া শেষ করে যখন দেশ গড়ার স্বপ্ন দেখেন, এবং তার পরিবারকে স্বপ্ন দেখান তখনি তাকে ট্রাক কিংবা বাস চাপায় নিহত হতে হয়। আমরা এই অকাল মৃত্যু চাই না।

দেশের বিভিন্ন বিশ্ব বিদ্যালয়ের শিক্ষার্থীসহ নিহত মকবুল আহাম্মেদ ও আক্তারুজ্জামানের পরিবারের সদস্যরা এ মানববন্ধনে অংশ গ্রহন করেন।

উল্লেখ্যঃ মেহেরপুরের গাংনীর বামুন্দি গরুর হাটে সড়ক ঈদের দ্বিতীয় দিনে রোববার সকালে এটিএন নিউজের এইচআর ডিপার্টমেন্টের সহকারী ব্যবস্থাপক ব্রজপুর গ্রামের মকবুল আহাম্মেদ ও তার বন্ধু গোয়াল গ্রামের আক্তারুজ্জামান একটি মোটর সাইকেল যোগে বামন্দী পশুহাট হয়ে বাসস্ট্যান্ড আসার পথে মোটর সাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর ছিটকে পড়েন তারা।

এসময় বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক তাদেরকে চাপা দিলে ঘটনাস্থলেই মারা যান মকবুল আহাম্মেদ ও আকতারুজ্জামান। পুলিশের একটি টীম ট্রাকটি আটক করে।

মেহেরপুরে দূর্ঘটনা প্রতিরোধে জেলা পুলিশের সাঁড়াশি অভিযান

ঈদ উল আযহার ২য় দিন আজ। ইতিমধ্যে সড়কে ঝরেছে ২টি প্রাণ। আহত হয়েছেন ডজন খানেক।

দুর্ঘটনা প্রতিরোধে জেলা পুলিশের দিনব্যাপী চলেছে সাঁড়াশি অভিযান।

মোটরসাইকেল সহ বিভিন্ন যানবাহনে প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় দেওয়া হয়েছে মামলাও। সেই সাথে শহরের বিভিন্ন ট্রাফিক পয়েন্টে চলেছে চেকিং।

জেলা পুলিশের উদ্যোগে বিতরন করা মাস্ক। সোমবার বিকালের দিকে মেহেরপুর শহরের কোট মোড়, হোটেল বাজার ও বড়বাজার এলাকায় এ প্রচারণা চালানো হয়।

[redacted]

[redacted]